এফএনএস: একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা হওয়ায় নির্বাচন কমিশনের অনুমতি ছাড়া ভোটের কাজে নিয়োজিত কোনো কর্মকর্তা-কর্মচারীকে বদলি না করার নির্দেশ এসেছে। মন্ত্রিপরিষদ বিভাগ পাঠানো চিঠিতে ভোটের ফলাফলের গেজেট প্রকাশ হওয়ার ১৫ দিন পর্যন্ত কাউকে বদলি না করতে বলেছে নির্বাচন কমিশন। চিঠিতে বলা হয়েছে, নির্বাচনের কাজে সহায়তা করা নির্বাহী বিভাগের কর্তব্য। কোনো কর্মকর্তা দায়িত্ব পাওয়ার পর অব্যাহতি না দেওয়া পর্যন্ত তার চাকরির অতিরিক্ত দায়িত্ব হিসেবে ইসির অধীনে প্রেষণে আছেন বলে গণ্য হবে। নির্বাচনের কাজে নিয়োজিত কর্মীদের অব্যাহতি না দেওয়া পর্যন্ত যাতে তাদের বদলি বা ছুটি দেওয়া না হয় অথবা নির্বাচনী দায়িত্ব ব্যাহত হতে পারে এমন কোনো কাজে নিয়োজিত না করা হয়, তা নিশ্চিত করতে সব মন্ত্রণালয়-বিভাগ, সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস-প্রতিষ্ঠান ও সংস্থাগুলোকে পরিপত্রের মাধ্যমে নির্দেশ দিতে বলা হয়েছে মন্ত্রিপরিষদ বিভাগকে। এদিকে নির্বাচনের বিষয়ে নির্দেশনা দিতে মঙ্গলবার সব রিটার্নিং কর্মকর্তাদের ডেকেছে ইসি। মন্ত্রিপরিষদ বিভাগকে দেওয়া আলাদা এক চিঠিতে বলা হয়েছে, নির্বাচনে সব সরকারি, স্বায়ত্তশাসিত অফিস বা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারী এমনকি কোনো কোনো ক্ষেত্রে বেসরকারি অফিস প্রতিষ্ঠান থেকেও প্রয়োজনীয় সংখ্যক ভোটার গ্রহণ কর্মকর্তা নিয়োগ করা হবে। একাদশ সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার তিন দিন পর অনলাইনে মনোনয়নপত্র জমা নেওয়া শুরু হয়েছে। ইসি সচিব হেলালুদ্দীন আহমদ বলেছেন, অনলাইনে মনোনয়নপত্র গ্রহণের সব প্রস্তুতি গত রোববার থেকে চালু হয়েছে। যে কেউ নির্ধারিত সময়ের মধ্যে মনোনয়নপত্র আপলোড করতে পারেন। প্রচলিত ম্যানুয়েল পদ্ধতিতে মনোনয়নপত্র পূরণ করে রিটার্নিং অফিসারের কাছে জমা দেওয়ার পাশাপাশি এবারই অনলাইনে মনোনয়নপত্র জমা দেওয়া যাচ্ছে। নির্বাচন কমিশনের ওয়েবপোর্টালে গিয়ে কয়েক ধাপে ব্যক্তিগত তথ্য ও প্রয়োজনীয় কাগজপত্রের পিডিএফ কপি আপলোড করতে হবে। এই প্রক্রিয়ায় তথ্য যাচাই ও প্রার্থীর সঙ্গে যোগাযোগের জন্য প্রার্থীর ব্যক্তিগত মোবাইল ফোন ও ই-মেইল ঠিকানার সাহায্য নেবে ইসি। ইসির ওয়েবপোর্টালের নির্ধারিত টাব খুলে প্রার্থীকে নিজের নাম, জাতীয় পরিচয়পত্রের নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি, নির্বাচনী এলাকার নম্বর ও নামের ছক পূরণ করে নিবন্ধন সম্পন্ন করতে হবে। পরে প্রার্থীর মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধন নিশ্চিত হওয়ার বিষয়টি বার্তা আকারে পৌঁছে যাবে। ইসির নির্বাচন পরিচালনা শাখার যুগ্মসচিব ফরহাদ আহাম্মদ খান সাংবাদিকদের জানান, অনলাইনে মনোনয়নপত্র জমা দিলেও বাছাইয়ের দিন প্রয়োজনীয় দলিল রিটার্নিং কর্মকর্তার কাছে জমা দিতে হবে।